

# মাননীয় জেলা প্রশাসক'র বাণী-

"মঠবাড়ী খ্রীষ্টান কো-অপররেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড" এর সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ একটি মহতি উদ্দোগ। আমি গর্বিত এ স্মরণিকায় নিজেকে সম্পৃক্ত করতে পেরে। সুবর্ণ জয়ন্তীর এ স্মরনিয় মুহূর্তে অভিনন্দন জানাই এই প্রতিষ্ঠানের সকল গর্বিত সন্তানদের।

দেশের বৃহত্তর জনগোষ্ঠির স্ব-কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে সমবায় এক গুরুত্বপূর্ণ ভূমিক রাখছে। সমবায়ের মহান আদর্শ, নীতি ও গতিশীল কর্ম-পরিকল্পনা ইতোমধ্যে দেশের বিভিন্ন পেশার জনসাধারণ, বেকার যুবক ও যুব মহিলাদের আত্ম-কর্মসংস্থানে বিশেষভাবে উদ্বুদ্ধ করেছে। ভবিষ্যতেও এ কর্মধারা অব্যাহত থাকবে বলে আমি আশাবাদী। সময়ের ব্যাপ্ত পরিসরে এ প্রতিষ্ঠানের সমবায়ীরা নিজেদের ক্ষুদ্র প্রয়াসকে পুজি করে বিভিন্ন ক্ষেত্রে যে সফলতা দেখিয়েছে তা অত্যান্ত গর্বের।

এ সমিতি অত্র এলাকার আর্থসামজিক উন্নয়নে একটি সফল আর্থিক প্রতিষ্ঠান। দেশের আর্থসামজিক অবস্থায় নিজেদেরকে সমবায় নীতিমালায় সর্ম্পক্ত রেখে সমবায়ীদের সার্বিক উন্নয়নে এ সমিতির ভূমিকা সমবায় আন্দোলনে সফলার একটি উজ্বল দৃষ্টান্ত। আমি এ সমিতির প্রতিষ্ঠা থেকে বর্তমানে এর সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

এ প্রতিষ্ঠানের সমবায়ীগণ আগামী দিনে তাদের সমন্বিত কর্ম-পরিকল্পনার মাধ্যমে দেশের সমবায় আন্দোলনকে আরও গতিশীল করার সৃষ্টি করবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। আমি "মঠবাড়ী খ্রীস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড" ৫০ বছর পূর্তি উদ্‌যাপন উপলক্ষে গৃহীত সকল কর্মসূচির সার্বিক সফলতা কামনা করছি।

**আখতারউজ্জামান**
**প্রশাসক**
জেলা পরিষদ
গাজীপুর।